দৈনিক সংবাদ 97

তারিখ 26 MAR 1995
পৃষ্ঠা ৫ কলাম ৬

# মাদারীপুর ঃ তিনটি বিদ্যালয়ের ছাদ ধসে পড়ার আশংকা

মাদারীপুর, ২৫শে মার্চ (নিজস্ব সংবাদদাতা)।– মাদারীপুর পৌর এলাকার ৩টি মাধ্যমিক বিদ্যালয়ের ছাদ ধসে পড়ার আশংকা করা হচ্ছে। বিদ্যালয় তিনটির দেড় হাজারেরও বেশি ছাত্রছাত্রী বর্তমানে জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছে।

চরমুগরিয়া মার্চেন্টস উচ্চ বিদ্যালয়ের দ্বিতল ভবনের ছাদ অত্যন্ত জরাজীর্ণ হয়ে পড়েছে। বর্ষাকালে ছাদ দিয়ে পানি পড়ে। ফলে শ্রেণীকক্ষে ছাত্রছাত্রীদের ক্লাস করা অসম্ভব হয়ে পড়ে। শহরের উপকন্ঠে অবস্থিত পাবলিক ইনস্টিটিউশনের ছাদের বহু স্থানের প্লাস্টার, ইট–সুরকি খসে পড়েছে। রড বের হয়ে গেছে। ফলে ছাদ ধসে পড়ে যেকোন সময় মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে।

এদিকে ১৯৬৭ সালে স্থাপিত চরমুগরিয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের পুরাতন ভবনের ছাদ খুবই জরাজীর্ণ হয়ে পড়েছে। ছাদের প্লাস্টার, ইট–সুরকি খসে পড়ায় বর্ষাকালে ছাদ দিয়ে পানি পড়ে। বিদ্যালয়ের ছাত্রীরা জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছে।

জরুরী ভিত্তিতে বিদ্যালয় ভবন সংস্কার করার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট জোর আবেদন জানিয়েছেন।